**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 02-08-2025** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাজ্যের সার্বিক ব্যর্থতা থেকে দৃষ্টি ঘোরাতেই তৃণমূল কংগ্রেস, বাংলা ও বাঙালি ইস্যুতে সরব হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।

২/ রাজ্যের প্রতিটি প্রান্তে জরুরী পরিস্থিতির ওপর ২৪ ঘন্টা নজরদারির জন্য নবান্নে চালু হচ্ছে- অত্যাধুনিক তথ্যপ্রযুক্তি নির্ভর ডিজিট্যাল কন্ট্রোল রুম।

# বুথ স্তরে সাধারণ মানুষের ন্যূনতম সমস্যার দ্রুত সমাধানের লক্ষ্যে রাজ্যে নতুন 'আমাদের পাড়া, আমাদের সমাধান' কর্মসূচি আজ শুরু হচ্ছে।

৩/ তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস ২৮শে আগস্ট, নির্ধারিত পরীক্ষা পিছোনোর জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়কে উচ্চশিক্ষা দপ্তর যে চিঠি দিয়েছে, তার প্রেক্ষিতে বিস্ময় প্রকাশ করেছেন উপাচার্য ।

৪/ আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৫-তম জন্মদিনে আজ নানা অনুষ্ঠানে তাকে শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে।

৫/ ঘূর্ণাবর্ত ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে, উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

৬/ আসন্ন দলীপ ট্রফি ক্রিকেটে ঈশান কিষণ, পূর্বাঞ্চল দলের নেতৃত্ব দেবেন।

****************************************************************************

রাজ্যের সার্বিক ব্যর্থতা থেকে দৃষ্টি ঘোরাতেই তৃণমূল কংগ্রেস, বাংলা ও বাঙালি ইস্যুতে সরব হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের জন্যই পশ্চিমবঙ্গ থেকে পুঁজি, মেধা অন্য রাজ্যে চলে গেছে, নতুন কোন বিনিয়োগ আসেনি, রাজ্য সরকারও কোন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারেনি, শিল্পায়ন ও হয়নি। এইসব ব্যর্থতাকে আড়াল করতেই শাসক দল বাংলা ও বাঙালি ইস্যুকে শেষ অস্ত্র হিসেবে অবলম্বন এবং নির্বাচন কমিশনকেও আক্রমণ করছে বলে তার অভিযোগ। বিহারে নির্বাচনী তালিকায় সংশোধনের পর তৃণমূল কংগ্রেস কেন এত আতঙ্কিত হয়ে পড়েছে বিজেপি রাজ্য সভাপতি সেই প্রশ্ন ও তোলেন।

( বাইট- শমীক )

******************

দেশের উপরাষ্ট্রপতি পদে নির্বাচন হবে আগামী ৯ সেপ্টেম্বর। এজন্য নির্বাচন কমিশন আগামী ৭ আগস্ট বিজ্ঞপ্তি জারি করবে। ২১ তারিখ মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন। পরদিন মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন চলতি মাসের ২৫ তারিখ।

উল্লেখ্য, গত ২১ জুলাই অসুস্থতার কারণে উপরাষ্ট্রপতি পদে ইস্তফা দেন জগদীপ ধানখর।

******************

কেন্দ্রীয় মৎস্য পশুপালন ও দুগ্ধ উৎপাদন মন্ত্রকের আওতাধীন মৎস্য বিভাগ, আজ কলকাতায় মৎস্য উন্নয়ন সংক্রান্ত আঞ্চলিক পর্যালোচনা সভার আয়োজন করেছে। কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং, এর পৌরোহিত্য করবেন। বৈঠকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা, এ সংক্রান্ত পরিকাঠামো উন্নয়ন তহবিল সহ মৎস্য উৎপাদন ক্ষেত্রে মূল প্রকল্পগুলি বাস্তবায়নের ওপর আলোকপাত করা হবে।

পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড এবং ছত্তিশগড়ের প্রতিনধিরা এই পর্যালোচনা সভায় অংশ নেবেন।

*******************

রাজ্যের প্রতিটি প্রান্তে জরুরি পরিস্থিতির উপর ২৪ ঘণ্টা নজরদারি চালাতে রাজ্য সচিবালয় নবান্নে, অত্যাধুনিক তথ্যপ্রযুক্তি নির্ভর ডিজিটাল কন্ট্রোল রুম চালু হচ্ছে। এই মর্মে এক সরকারি নির্দেশিকায় বলা হয়েছে, এই কেন্দ্রটি মূলত 'সেন্ট্রালাইজড কম্যান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টার' হিসেবে কাজ করবে, যার তত্ত্বাবধান করবেন রাজ্যের এডিজি এবং আইজি আইন-শৃঙ্খলা। এই ডিজিটাল কন্ট্রোল রুম সপ্তাহের সাত দিন, দিনরাত চব্বিশ ঘণ্টা খোলা থাকবে। প্রাথমিক পর্যায়ে তিনটি শিফটে কাজ চালাবেন ১ জন সাব-ইন্সপেক্টর, ২ জন অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর এবং ৬ জন কনস্টেবল।
খুব শীঘ্রই এখানে নির্ধারিত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোটোকল চালু করা হবে বলে নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে। পুলিশের তরফে স্পষ্টভাবে বলা হয়েছে, রাজ্যজুড়ে বিভিন্ন সংকট, অপারেশন বা আইনশৃঙ্খলার পরিস্থিতিতে আরও দ্রুত সমন্বয়, পর্যবেক্ষণ ও সাড়া দেওয়ার লক্ষ্যেই এই ডিজিটাল কন্ট্রোল রুম চালু করা হচ্ছে।

*******************

বুথ স্তরে সাধারণ মানুষের ন্যূনতম সমস্যার দ্রুত সমাধানের লক্ষ্যে রাজ্যে নতুন আমাদের পাড়া, আমাদের সমাধান কর্মসূচি আজ শুরু হচ্ছে।এর মূল লক্ষ্য, রাজ্যের ৮০ হাজার বুথে সাধারণ মানুষের ছোটখাটো সমস্যার দ্রুত সমাধান। সেই জন্যে রাজ্য সরকার বুথপিছু ১০ লক্ষ টাকা বরাদ্দ করেছে। মোট ব্যয় ধরা হয়েছে প্রায় ৮ হাজার কোটি টাকা। মানুষের দৈনন্দিন জীবনযাত্রার সঙ্গে যুক্ত এবং তুলনামূলক কম সময়ে কম খরচে সম্পন্ন করা যায় এধরণের ১৫ রকম কাজ, এই কর্মসূচির আওতায় আনা হয়েছে।

*******************

বিজ্ঞানসম্মত মূল্যায়নের ওপর ভিত্তি করে কলকাতায় হেরিটেজ ভবন বা বাড়িকে হেরিটেজ বিল্ডিং হিসেবে ঘোষণা করা হবে বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী,

কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। পুরভবনে গতকাল তিনি বলেন, ঐতিহাসিক মূল্যায়ন ও আর্কিটেকচারাল ভ্যালু বা স্থাপত্য মূল্যায়ন নির্ধারণের মধ্য দিয়েই হেরিটেজ ভবন ঘোষণা করা হবে। একাজে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়ার কাজ চলছে। এছাড়া বিজ্ঞাপন বা বিজ্ঞাপনের হোডিং-এ শহরের কোন ঐতিহ্যবাহী বা হেরিটেজ বাড়ি ঢাকা পড়লে পুরসভা সেই সব হোডিং বা বিজ্ঞাপন সরিয়ে দেবে।

*******************

আসানসোল পুরসভার মেয়র, বেআইনি নির্মাণ ভাঙতে এসে বেসরকারি কারখানার থেকে ২০ লক্ষ টাকা দাবি করেছেন- এই অভিযোগে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন আসানসোলের এক ইস্পাত কারখানার মালিক। এই নিয়ে বিচারপতি গৌরাঙ্গ কান্তের দৃষ্টি আকর্ষণ করেছেন কারখানার আইনজীবী হরেরাম সিংহ।

আগামী সোমবার মামলার পরবর্তী শুনানি ।

*******************

তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস ২৮ শে আগস্ট, নির্ধারিত পরীক্ষা পিছনোর জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়কে চিঠি দিয়েছে উচ্চশিক্ষা দফতর। ওই দিন BCOM এবং BA.LLB এর চতুর্থ সেমিস্টারের পরীক্ষা রয়েছে। ওই দিনের বদলে অন্যদিন পরীক্ষা নেওয়ার দাবিতে কয়েকদিন আগেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ঘেরাও করেছিল তৃণমূল ছাত্র পরিষদ।

উচ্চশিক্ষা দফতর গতকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শান্তা দত্তকে চিঠি পাঠিয়ে ২৮ তারিখের পরীক্ষার দিন বদলের অনুরোধ জানিয়েছে। কারণ হিসেবে উচ্চশিক্ষা দপ্তর বলেছে, ঐদিন ছাত্র পরিষদের সভা ও মিছিলের জন্য যান চলাচল ব্যাহত হতে পারে। যানজটের জন্য ছাত্রদের পরীক্ষা কেন্দ্রে পৌঁছতে সমস্যা হতে পারে।

তবে পরীক্ষার দিন যে বদল করা হবে না তা আগেই স্পষ্ট করে দিয়েছিলেন উপাচার্য। ওই চিঠি প্রসঙ্গে বিস্ময় প্রকাশ করে তিনি জানান, একটি রাজনৈতিক দলের কর্মসূচীর জন্য সরকারের তরফে চিঠি দেওয়ার ঘটনা নজিরবিহীন। বিষয়টি নিয়ে আলোচনা করতে বিশ্ব বিদ্যালয়ের সেনেটের বৈঠক'ও ডাকা হয়েছে।

*******************

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগ সংক্রান্ত ‘স্টেট এলিজিবিলিটি টেস্ট’ বা SET পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি জারি করেছে কলেজ সার্ভিস কমিশন। এর জন্য পরীক্ষার্থীরা www.wbcsconline.in এ অনলাইনে আবেদন করতে পারবেন। ৩১ আগস্ট পর্যন্ত এই আবেদন জানানো যাবে।

অনলাইন আবেদনের কোন তথ্য সংশোধন করতে চাইলে তা করা যাবে, ৯ থেকে ১১’ই সেপ্টেম্বর পর্যন্ত। সেটের পরীক্ষাগ্রহণের দিন ধার্য হয়েছে ১৪’ই ডিসেম্বর।

*******************

স্বাধীনতা দিবসের ভাষণে সাধারণ মানুষের চিন্তাভাবনা ভাগ কোরে নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী জানান, জনগণ তাদের ভাবনাচিন্তা ও মতামত মাই গভ ওপেন ফোরাম এবং নমো অ্যাপের মাধ্যমে তাঁর কাছে পাঠাতো পারবেন।

*******************

আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৫-তম জন্মদিনে আজ নানা অনুষ্ঠানে তাকে শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে। এই উপলক্ষে নবজাগরণের ২৬-তম প্রতিষ্ঠা দিবসে কলকাতার শিশির মঞ্চে এক অনুষ্ঠানে রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু, মন্ত্রী ইন্দ্রনীল সেন, ক্রিকেটার ঝুলন গোস্বামী প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের জন্মদিন উপলক্ষে তাঁকে শ্রদ্ধা জানাতে রামমোহন লাইব্রেরী এন্ড ফ্রী রিডিং রুম, এক সভার আয়োজন করেছে। বিশিষ্ট জনেরা ওই সভায় বক্তব্য রাখবেন। ভারতীয় রসায়নের জনক আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, তৎকালীন ‘ইণ্ডিয়ান কেমিক্যাল সোসাইটি’ প্রতিষ্ঠা করেছিলেন। বিশিষ্ট এই রসায়নবিদ, শিক্ষক ও দার্শনিক, ১৯০১ সালে ‘বেঙ্গল কেমিক্যালস এন্ড ফার্মাসিউটিক্যালস ল্যাবরেটরি ওয়ার্কস’ও প্রতিষ্ঠা করেন।

এদিকে, প্রফুল্ল চন্দ্র রায়ের জন্মদিনে ওষুধ ও মেডিকেল সরঞ্জামের ব্যাপক মূল্যবৃদ্ধি ও জাল ওষুধের রমরমা কারবারের প্রতিবাদে কলকাতায় আজ বিক্ষোভ কর্মসূচি পালন করবে INTUC সেবাদল।

*******************

হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী এলাকায় অবস্থিত ঘূর্ণাবর্ত এবং শান্তিনিকেতন থেকে ক্যানিং হয়ে উত্তর পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে, উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে। আবহাওয়ার দপ্তর, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজ লাল সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া দার্জিলিং ও কালিম্পং-এ ধসপ্রবণ এলাকার বাসিন্দাদের সতর্ক থাকতে বলা হয়েছে। ৫-৬ তারিখ পর্যন্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টি চলবে বলেও জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত। অন্যদিকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতেও, বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*******************

একটানা বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হুগলির আরামবাগের পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আগামী মঙ্গলবার ৫'ই আগস্ট আরামবাগ যাচ্ছেন। আরামবাগ লাগোয়া পশ্চিম মেদিনীপুরের ঘাটালেও যেতে পারেন মুখ্যমন্ত্রী।

*******************

দিন দুয়েক আগে প্রশান্ত মহাসাগরীয় উপদ্বীপ কামচাটকার ভূমিকম্প ও সুনামির ঘটনা উসকে দিয়েছে ভারতে ২০04 এর ভয়ংকর সেই স্মৃতিকে। বিজ্ঞানীদের মতে ভারত মহাসাগর ও বঙ্গোপসাগরে যে কোনো সময়েই এ ধরনের ভূমিকম্পের সম্ভাবনা থেকে যায়। ভারতের নিজস্ব প্রযুক্তিতে তৈরি সুনামির পূর্বাভাস ব্যবস্থায় বর্তমানে বড় ধরনের প্রাণহানির সম্ভাবনা এড়ানো সম্ভব হচ্ছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিত )

*******************

দমদম স্টেশনে লাইনের রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ রাত ১০ টা ৫০মিনিট থেকে আগামীকাল রবিবার সকাল ৫ টা ৫০ মিনিট পর্যন্ত ৭ ঘণ্টা ট্র্যাফিক ব্লকের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারণে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। শিয়ালদা-বনগাঁ

এবং শিয়ালদা-নৈহাটির মধ্যে আজ একজোড়া করে ট্রেন বাতিল থাকবে। এছাড়া, রবিবার, শিয়ালদা থেকে কল্যাণী সীমান্ত, নৈহাটি, হাবড়া, বারাসাত, রানাঘাট, ও বনগাঁর মধ্যে একজোড়া করে এবং শিয়ালদা ও ডানকুনির মধ্যে চারজোড়া EMU লোকাল বাতিল থাকবে।

*******************

আসন্ন দলীপ ট্রফি ক্রিকেটে ঈশান কিশন,  পূর্বাঞ্চল দলের নেতৃত্ব দেবেন। সহ অধিনায়ক হয়েছেন অভিমন্যু  ঈশ্বরণ। অভিমন্যু ছাড়া বাংলা থেকে দলে রয়েছেন মহম্মদ শামি, মুকেশ কুমার, আকাশদীপ ও সূরজ সিন্ধু জয়সওয়াল।

২৮ শে অগস্ট থেকে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত খেলা হবে।

******************************************************************